

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সুরক্ষা সেবা বিভাগ

আইসিটি সেল

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

www.ssd.gov.bd



স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০১.১৭.১১৫

তারিখ: ১৬ আষাঢ়. ১৪২৮

৩০ জুন ২০২১

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২১) প্রতিবেদন।

সূত্র: সুরক্ষা সেবা বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর কার্যক্রম ৮.১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুরক্ষা সেবা বিভাগের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক ৩০ জুন ২০২১ তারিখে এ বিভাগের ০৫টি সেবার কার্যক্রম দৈবচয়ন পদ্ধতিতে পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণ প্রতিবেদনটি (সংযুক্ত) মহোদয়ের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

৩০-৬-২০২১

মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন

উপসচিব

ফোন: +৮৮০-২-৯৫৭৩২২৯

ফ্যাক্স: +৮৮০-২-৯৫৭৪৪৯৯

ইমেইল: dsnc@ssd.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০১.১৭.১১৫/১(৭)

তারিখ: ১৬ আষাঢ়. ১৪২৮

৩০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
- ২) যুগ্মসচিব, অগ্নি অনুবিভাগ ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
- ৭) অতিরিক্ত সচিব (কারা অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

৩০-৬-২০২১

মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন

উপসচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২১) প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে সুরক্ষা সেবা বিভাগের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ৩০ জুন ২০২১ তারিখে ০৫টি সেবার কার্যক্রম দৈবচয়ন পদ্ধতিতে পরিবীক্ষণ করা হয় যা নিম্নরূপ:

নাগরিক সেবা:

ক্র. নং	সেবার নাম	মতামত
১	বিদেশীদের বাংলাদেশে অবস্থানকালীন সময়ের পুলিশ ফ্লিয়ারেপ	সিটিজেনস্ চার্টারে বর্ণিত সেবাটি প্রদানের সময়সীমা ১০ কার্যদিবস (পুলিশ মহাপরিদর্শক এর দপ্তর হতে তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর)। ৩১ মে ২০২১ তারিখে ০১টি আবেদন গৃহীত হয়েছে। ৩১ মে ২০২১ তারিখে তদন্ত প্রতিবেদনের জন্য পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স – এ পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যবধি তদন্ত প্রতিবেদন পুলিশ হেডকোয়ার্টার্স থেকে পাওয়া না যাওয়ায় পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয় নাই মর্মে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অবহিত করেন।
২	বিদেশস্থ বাংলাদেশ মিশনের আবেদন মোতাবেক ভিসার মতামত প্রদান	বর্ণিত সময়ে বাংলাদেশ দূতাবাস, পাকিস্তান হতে ৩৮৪টি, বাংলাদেশ দূতাবাস, দুবাই হতে ১৩টি, বাংলাদেশ দূতাবাস, জেদ্দা হতে ০১টি, বাংলাদেশ দূতাবাস, ইথিওপিয়া হতে ০১টি, বাংলাদেশ দূতাবাস, কানাডা হতে ০২টি, বাংলাদেশ দূতাবাস, নাইজেরিয়া হতে ০৬টি, বাংলাদেশ দূতাবাস, ইউএসএ হতে ০৬টি (মোট ৪১৩টি) আবেদন পাওয়া যায়। গোয়েন্দা সংস্থা হতে তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর সিটিজেনস্ চার্টারে বর্ণিত সেবাটি প্রদানের সময়সীমা ১০ কার্যদিবসের পূর্বেই ৩২৬টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে। বাংলাদেশ দূতাবাস, পাকিস্তান এর ৮৩টি আবেদন, বাংলাদেশ দূতাবাস, দুবাই এর ০৩টি আবেদন এবং বাংলাদেশ দূতাবাস, কানাডা এর ০১টি আবেদনের প্রেক্ষিতে গোয়েন্দা সংস্থা হতে তদন্ত প্রতিবেদন অদ্যবধি না পাওয়ায় পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয় নাই মর্মে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অবহিত করেন।

দাপ্তরিক সেবা:

ক্র. নং	সেবার নাম	মতামত
১	প্যারোলে মুক্তি সংক্রান্ত	বর্ণিত সময়ে ০১টি আবেদন গৃহীত হয়। সিটিজেনস্ চার্টারে বর্ণিত সেবা প্রদানের সময়সীমা ০১ কার্যদিবস নির্ধারিত সময়ের মধ্যেই প্রাপ্ত আবেদনটি নিষ্পন্ন করা হয়েছে। কার্যক্রম সন্তোষজনক।
২	প্রকল্প প্রস্তাব যাচাই বাছাই	বর্ণিত সময়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ০২টি এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ০১টি প্রকল্পের প্রস্তাব যাচাই বাছাই করার আবেদন পাওয়া যায়। সিটিজেনস্ চার্টারে বর্ণিত সেবা প্রদানের সময়সীমা ৩০ কার্যদিবস। নির্ধারিত সময়ের মধ্যেই ০৩টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে। কার্যক্রম সন্তোষজনক।

Signature

Signature

Signature

অভ্যন্তরীণ সেবা:

ক্র. নং	সেবার নাম	মতামত
১	না-দাবী প্রদান	বর্ণিত সময়ে ০১টি আবেদন ২২ মার্চ ২০২১ তারিখে গৃহীত হয়। আবেদনপত্র ও আবেদনকারীর দপ্তরে (সুরক্ষা সেবা বিভাগের প্রশাসন-২ শাখা, বাজেট-২ শাখা, হিসাব কোষ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) আর্থিক বিষয়টি যাচাই-বাছাই এর কাজ সম্পন্ন হওয়ার পর ০৯ জুন ২০২১ তারিখে ০৭ কার্যদিবসের মধ্যে আবেদনটি নিষ্পন্ন নিষ্পন্ন করা হয়েছে। সেবাটি নিষ্পন্ন হওয়ার জন্য কয়েকটি দপ্তর সংশ্লিষ্ট ছিল বিধায় ০২ দিন অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়েছে।

৩০ মে ২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির (সিটিজেনস্ চার্টার) হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতির (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

Ayub
00.06.2022

প্রকৌ: মো: আইয়ুব হোসেন
প্রোগ্রামার, আইসিটি সেল
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

Mamun
মোহাম্মদ জব্বার আল মামুন
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

30.05.2021
সৈয়দ বেলাল হোসেন
অতিরিক্ত সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়